[redacted] [redacted]!

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গুগলের ২০২২ সালের জনপ্রিয় কয়েকটি সেবা

ইন্টারনেটে কিছু সার্চ করা থেকে শুরু করে ভিডিও দেখার জন্য ইউটিউব মেইলে পাঠানোর জন্য জিমেইল এমনকি স্মার্টফোন এর অপারেটিং সিস্টেম এন্ড্রয়েড পর্যন্ত যেসকল কাজগুলো মানুষের দৈনন্দিন জীবনে লাগে তারপ্রাই সবই প্রভাইড করছে গুগল।

গুগল সার্চের পাশাপাশি গুগল ম্যাপ, গুগল প্লে-স্টোর, গুগল জিমেইল, গুগল ডকর্স এর মতো আরো ২৭১ এর মতো সার্ভিস রয়েছে গুগলের। এসব সার্ভিস এর বেশিরভাগই সম্পর্কে ইউজাররা হয়তো জানেই না। তো এমনি অজানা কিছু তথ্য জানাবো আজকের এই আর্টিকেল এ।

১.গুগল শপিং

বিশ্বব্যাপি ই-কমার্স বা অনলাইনে কেনাকাটা অন্যতম জনপ্রিয় মাধ্যম হলেও এফ্রেডবল দামে পণ্য কিনার জন্য গ্রাহককে বিভিন্ন ওয়েবসাইটে ভিজিটর করতে হয়। যা বেশ সময়সাপেক্ষ একটা কাজ।

গ্রাহকদের অনলাইন কেনাকাটার কষ্ট কে সহজ করার জন্য গুগল শপিং নামে একটি ফ্রি প্লাটফর্ম রয়েছে। গুগল শপিং গ্রাহকদের জন্য বিভিন্ন পন্য সার্চ পণ্য কম্পিয়ারিং এবং সেলারের ওয়েবসাইট থেকে সরাসরি পণ্য কিনার দিয়ে থাকে।

গুগল শপিং এ কোন পন্য সার্চ করা হলে গ্রাহকের অতিতের এক্টিভিটি ইনফরমেশন এবং পছন্দের উপর ভিত্তি করে রেজাল্ট শো করা হয়। ফলে কমদামে গ্রাহকের পছন্দের পণ্য খুঁজে পেতে সহজ হয়ে উঠে। এবং এই প্লাটফর্মটি তাদের রিটেইলারদেরকে ফ্রিতে পণ্য লিস্টিং এর সুযোগ দিয়ে থাকে। যদিও প্রতিটা পণ্য সেলের সময় একটা নির্দিষ্ট লভ্যাংশ কেটে রাখে।

২. গুগল পডকাস্ট

বর্তমান সময়ে বিভিন্ন বিষয়ে আলোচনা থেকে শুরু করে বিনোদন এর জন্য পডকাস্ট বেশ জনপ্রিয় একটি মাধ্যম হয়ে উঠেছে। স্পটিফাই,

আইটিউন, অ্যাপল পডকাস্ট এর মতো বিশ্বের জনপ্রিয় পডকাস্টের পাশাপাশি গুগল পডকাস্ট নামে গুগলের নিজস্ব একটি পডকাস্ট মাধ্যমে রয়েছে।

প্লাটফর্মটি ব্যবহার করে ব্যবহারকারীরা ফ্রিতে তাদের পছন্দমত সেলিব্রিটিদের ইন্টারভিউ, গান থেকে শুরু করে সবধরনের অডিও কনটেন্ট শুনতে পারে।

গুগল পডকাস্ট এপটিতে ইউজাররা তাদের নিজস্ব অডিও লাইব্রেরি তৈরি করতে পারে। এছাড়া অডিওগুলো ক্যাটাগড়িগুলো আগে থেকেই রেডি থাকে বলে ইউজাররা তাদের পছন্দমত কনটেন্ট বেছে নিতে পারে। গুগল পডকাস্ট এপটি তাদের এন্ড্রয়েড এবং আইফোন দুটি প্লাটফর্মে পাওয়া যায়।এন্ড্রয়েড পুলিশের তথ্যমতে ২০২১ সাল শেষে প্রায় ১০০ মিলিয়নের মতো মানুষ এই এপটি ইন্সটল করেছে।

৩.গুগল গ্যারাজ

গুগলের ডিজিটাল গ্যারাজ প্লাটফর্মটি মূলত একটি অনলাইন শিক্ষামূলক প্লাটফর্ম। যা ব্যবহারকারিদের ডিজিটাল মার্কেটিং, ক্যারিয়ার ডেভেলপমেন্ট, এবং কোচিং ও মেশিন লার্নিং এর মতো কোর্স অফার করে থাকে। এই প্লাটফর্মটি ব্যবহার করে স্টুডেন্ট এবং বিজনেসম্যান রা ভিডিও টিউটোরিয়াল এবং সরাসরি ট্রেনিং এর মাধ্যমে ডিজিটাল মার্কেটিং স্ট্রাটেজি সম্পর্কে লিখতে পারে। বর্তমানে ফিজিক্যাল গ্যারাজে প্রায় ১০০টির ও বেশি ফ্রি এবং পেইড কোর্স রয়েছে। যা বিশ্বের সবচেয়ে বড় ইম্পলয়ার ইন্ডাস্টি এক্সপার্ট উদ্দোগতাদের সাথে একহয়ে তৈরি করা হয়েছে।

স্মার্টফোন এবং ট্যাবলেট ব্যবহারকারি চাইলে ডিজিটাল মার্কেটিং সম্পর্কে বেসিক এবং পাশাপাশি গুগল এবং আইএবি ইউরোপের সার্টিফিকেট অর্জন করতে পারবে।

৪.গুগল সার্ভ

গুগল সার্ভে তা গুগলের একটি বিজনেস নিজস্ব প্রডাক্ট, যা গুগলের বিজনেসম্যানদের রিসার্চ এর কাজে ব্যবহৃত হয়। প্লাটফর্মটি মূলত ইন্টারনেট এবং স্মার্টফোন ইউজারদের উপর সার্ভে করে। প্লাটফর্মটি ব্যবহার করে মার্কেন্টাররা মূলত টারগেটেড ডেমোগ্রাফিক এর মাধ্যমে অনলাইন সার্ভের মাধ্যমে কনজ্যুমার বিহ্যাইবিহার এবং মার্কেট ট্রেন্ড সম্পর্কে জানতে পারে।

গুগল রিসার্চ এর তথ্য সূত্রে এই অনলাইন প্যানেল এ প্রতিদিন ১০ মিলিয়ন এবং মোবাইল প্যানেল প্রতিদিন ৪ মিলিয়ন ইউনিক ইউজার গুগল সার্ভে ব্যবহার করছে।

৫. ফ্লটার

ফ্লটার মুলত গুগলের একটি ফ্রি ওপেন সোর্স সফটওয়্যার ডেভেলপমেন্ট কিট। এপটি ব্যবহার করে এন্ড্রয়েড থেকে শুরু করে আইওএস, লিনাক্স, এবং ম্যাক এর মতো সব অপারেটিং এর জন্য খুব সহজে এবং পছন্দমত ইউজার ইন্টারফেস তৈরি করতে পারে।

এই কিট টিতে বেশ কিছু উইজেট রয়েছে তা গেমিং এর একটি অপরটির পাশে সাজিয়ে ডিজাইনাররা সহজে তাদের এসের জন্য লেআউট তৈরি করতে পারে।

এছাড়া ইউজাররা প্রয়োজন মতো কাস্টমাইজ উইজেট তৈরি করে এক্সাইটিং উইজেটের সাথে তা মার্ক করতে পারে। জাভা স্ক্রিপ্ট এর মতো কোডিং ল্যাঙ্গুয়েজ জানা না থাকলে এই এপটি ব্যবহার করে ডিজাইনাররা সহজে এবং স্বল্পসময়ে নিজের পছন্দ মত গেমও তৈরি করতে পারবে।

আজ ই-ক্যাব নির্বাচন, হারানো গৌরব ফেরাতে চান প্রার্থীরা

ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব)-এর কার্যনির্বাহী পরিষদ ২০২২-২৪-এর নির্বাচন শনিবার (১৮ জুন) অনুষ্ঠিত হচ্ছে। দুই বছরের জন্য ই-কমার্স খাতের নেতৃত্ব দিতে অগ্রগামী, দ্য চেঞ্জ মেকারস ও ঐক্য নামে তিনটি প্যানেলে ২৭ জনসহ মোট ৩১ প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। ৩১ জন প্রার্থীর মধ্য থেকে ৯ জন পরিচালক নির্বাচনের জন্য সকাল ১০ থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। এই নির্বাচনে ৭৯৫ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

গত ২৮ মার্চ নির্বাচনের তফসিল ঘোষিত হয়। মোট ৩৬ প্রার্থী

টেলিগ্রামে অ্যাকাউন্ট খুলতে গুনতে হবে টাকা

মেসেজিং প্ল্যাটফর্ম হিসেবে টেলিগ্রামের জনপ্রিয়তা ধীরে ধীরে বেড়েই চলেছে। বর্তমানে অ্যাপসটির স্বক্রিয় ব্যবহারকারীর সংখ্যা প্রায় ৫০০ মিলিয়ন। জনপ্রিয়তা বাড়তে থাকায় চলতি মাস থেকে পেইড সাবস্ক্রিপশন প্ল্যান চালুর সিদ্ধান্ত নিয়েছে টেলিগ্রাম। এমনটিই জানিয়েছেন এর প্রতিষ্ঠাতা পাভেল দুরভ।

এক ব্লগপোস্টে পাভেল দুরভ বলেন, যারা অর্থের বিনিময়ে টেলিগ্রামের প্রিমিয়াম পরিষেবা গ্রহণ করবেন, তাদের জন্য চ্যাট এবং ফাইল আপলোডের সীমা বেশি থাকবে। আরেও বলেন, পেইড সাবস্ক্রিপশন প্ল্যান চালুর মাধ্যমে আমরা নিশ্চিত করতে চাই টেলিগ্রামের অর্থ তার ব্যবহারকারীদের কাছে থেকে আসবে, বিজ্ঞাপন থেকে নয়। তথ্য অনুসারে, বিশ্বে সেরা দশটি ডাউনলোড হওয়া অ্যাপের মধ্যে একটি টেলিগ্রাম অ্যাপ।

মেসেঞ্জার, ইন্সটাগ্রাম কিংবা হোয়াটসঅ্যাপের পাশাপাশি মার্কিন টেলিগ্রাম একটি আদর্শ কলিং ও মেসেজিং অ্যাপ। অসংখ্য ফিচারে ভরপুর এই অ্যাপটি।

টেলিগ্রাম অ্যাপের সবচেয়ে বড় সুবিধা হলো এর ক্রস প্ল্যাটফর্ম সাপোর্ট সুবিধা। পিসি, লিনাক্স, ম্যাক বা ব্রাউজার থেকে শুরু করে অ্যান্ড্রয়েড, আইওএস এমন কোনো অপারেটিং সিস্টেম নেই যেখানে ব্যবহার করা যায় না।

২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

অবৈধ ভিওআইপির দায়ে ৪ মোবাইল অপারেটরকে জরিমানা

অবৈধ ভিওআইপির (ভয়েস ওভার ইন্টারনেট প্রটোকল) রাষ্ট্রায়ত্ত মোবাইল ফোন অপারেটর টেলিটককে ৫ কোটি টাকা জরিমানা করেছে টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থা-বিটিআরসি। পাশাপাশি অপর তিন অপারেটর রবি, গ্রামীণফোন ও বাংলালিংকেও জরিমানা করেছে নিয়ন্ত্রক সংস্থাটি। রবিকে ২ কোটি, গ্রামীণফোনকে ৫০ লাখ এবং বাংলালিংককে ১৫ লাখ টাকা প্রশাসনিক জরিমানা করেছে কমিশন।

বিটিআরসি পরিচালিত বিভিন্ন সময়ের অভিযানে উদ্ধার করা অবৈধ ভিওআইপিতে ব্যবহৃত সিম নিয়ে মোবাইল ফোন অপারেটরদের আবেদন, শুনানি শেষে কমিশন এই জরিমানা করে।

জানা গেছে, টেলিটকের ৩২ হাজার ৮৪৫টি সিম জব্দ করেছে বিটিআরসি। কমিশনের নির্দেশনা ও লাইসেন্সিং শর্ত ভঙ্গ করার অপরাধে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইনের ৪৬ ও ৬৫ ধারার বিধান অনুযায়ী ও কমিশনের সিদ্ধান্ত মোতাবেক এই টাকা জরিমানা করা হয়। রবির জব্দ করা সিমের পরিমাণ ১৬ হাজার ৩৯০টি, গ্রামীণফোনের ২ হাজার ৩৫৬টি এবং বাংলালিংকের ৭৫৩টি।

সব মিলিয়ে অবৈধ কল টার্মিনেশনে জড়িত থাকায় ৫২ হাজার ৫২ হাজার ৩৪৪টি সিম জব্দ করে বিটিআরসি। বিটিআরসি সংশ্লিষ্ট অপারেটরগুলোকে কিছু নির্দেশনা মেনে চলতে হবে বলে সতর্কও করেছে।

বিটিআরসির সচিব মো. নূরুল হাফিজের সই করা এসব চিঠি গত ৭ জুন সংশ্লিষ্ট অপারেটরগুলোকে পাঠানো হয়। আগামী ৩০ জুনের মধ্যে অপারেটরগুলোকে প্রশাসনিক জরিমানা পরিশোধের জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

বিশ্বজুড়ে মুক্তি পাবে ‘অনার অব কিংস’ গেম

মাল্টিপ্লেয়ার অ্যাকশন গেম ‘অনার অব কিংস’ চীনের বাজারে বেশ কয়েক বছর ধরেই জনপ্রিয়তা ধরে রেখেছে। দেশটির সবচেয়ে লাভজনক গেম এটি। এবার বিশ্ববাজারে গেমটি মুক্তি দেয়ার ঘোষণা করেছে গেম নির্মাতা প্রতিষ্ঠান টেনসেন্ট। চলতি বছরের মধ্যেই আন্তর্জাতিক ব্যবহারকারীরদের জন্য উন্মুক্ত হবে অনার অব কিংস।

বাজার বিশ্লেষক প্রতিষ্ঠান সেন্সর টাওয়ার জানিয়েছে, ২০১৫ সালে উন্মোচনের পর থেকে গত বছরের সেপ্টেম্বর মাস পর্যন্ত চীনের বাজার থেকেই গেমটি হাজার কোটি ডলার আয় করেছে।

সাম্প্রতিক বছরগুলোতে চীনের বাজারে কঠোর প্রতিযোগিতার মুখে পড়েছে টেনসেন্ট। এছাড়া, দেশটির সরকার একের পর এক কঠোর নীতিমালা আরোপ করার কারণে চাপ আরও বেড়েছে। এমন পরিস্থিতিতে আন্তর্জাতিক বাজারে সবচেয়ে সফল ও লাভজনক মোবাইল গেমটি মুক্তি দিয়ে নিজেদের অবস্থান শক্ত করতে চাইছে টেনসেন্ট। বর্তমানে ‘অনার অফ কিংস’-এর গেমারদের ৯৫ শতাংশই চীনের নাগরিক। গত এপ্রিলে মোট আয়ের হিসেবে বিশ্বের শীর্ষ গেম ছিলো এটি। এক মাসেই এর পেছনে গেমাররা ২৭ কোটি ৪০ লাখ ডলার খরচ করেছেন; যা আগের বছরের একই সময়ের তুলনায় ছয় দশমিক দুই শতাংশ বেশি।

চীনের নিয়ন্ত্রক সংস্থা গত বছরের জুন থেকে টেনসেন্টকে কোনো নতুন গেমের লাইসেন্স দেয়নি। মঙ্গলবার নতুন ৬০টি গেমকে লাইসেন্স দিয়েছে নিয়ন্ত্রক সংস্থাটি। তার কোনোটিই টেনসেন্টর গেম নয়। তার পরপরই বুধবার ‘অনার অব কিংস’ বিশ্ববাজারে মুক্তি দেয়ার ঘোষণা দিয়েছে টেনসেন্ট।

টেনসেন্টের সিঙ্গাপুরভিত্তিক ব্র্যান্ড লেভেল ইনফিনাইটের ব্যানারে আন্তর্জাতিক সংস্করণটি মুক্তি পাবে। মূলত চীনের বাইরে গেম মুক্তি দেয়ার জন্যই নতুন এই ব্র্যান্ড প্রতিষ্ঠা করেছে টেনসেন্ট।

মোবাইল হ্যান্ডসেটের দাম বাড়বে

প্রস্তাবিত ২০২২-২৩ অর্থবছরের জন্য ৬ লাখ ৭৮ হাজার ৬৪ কোটি টাকার বাজেট জাতীয় সংসদে উপস্থাপন করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। প্রস্তাবিত বাজেটে মোবাইল হ্যান্ডসেট বিক্রির ওপর ৫ শতাংশ মূল্য সংযোজন কর প্রস্তাব করা হয়েছে। ফলে মোবাইল হ্যান্ডসেটের দাম বাড়বে।

বৃহস্পতিবার বিকাল ৩টায় সংসদে তিনি বাজেট উত্থাপন শুরু করেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে এবং সংসদ নেতা প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে স্বাধীন বাংলাদেশের ৫১তম বাজেটের মূল স্লোগান কোভিডের অভিঘাত কাটিয়ে উন্নয়নের ধারাবাহিকতায় প্রত্যাবর্তন। যেখানে মূল লক্ষ্য সক্ষমতার উন্নয়ন।

অর্থমন্ত্রী তার বাজেট বক্তব্যে বলেন, ‘মোবাইল টেলিফোন সেট ব্যবসায়ী পর্যায়ে বিদ্যমান ৫ শতাংশ মূসক অব্যাহতি প্রত্যাহারের প্রস্তাব করছি।’

বর্তমানে স্মার্টফোন আমদানিতে প্রায় ৫৮ শতাংশ কর দিতে হয়। স্থানীয়ভাবে অ্যাসেম্বল ও তৈরি হ্যান্ডসেটের ওপর কর ৩ থেকে ২৭ শতাংশ পর্যন্ত হয়।

উল্লেখ্য, আগের অর্থবছরে (২০২০-২১) স্থানীয়ভাবে তৈরি এবং আমদানি করা হ্যান্ডসেটের মোট সংখ্যা ছিল ৪ কোটি ১২ লাখ।

গুগলকে ৫ লাখ ডলার জরিমানা

ইউটিউবে এক পদস্থ রাজনীতিবিদের বিরুদ্ধে ‘অপপ্রচার’ চালিয়ে তার রাজনৈতিক জীবন নষ্ট করার দায়ে গুগলকে জরিমানা করা হয়েছে।

অস্ট্রেলিয়ার এক আদালতের নির্দেশ, ঐ রাজনীতিবিদকে ৫ লাখ ১৫ হাজার ডলার ক্ষতিপূরণ দিতে হবে। কারণ গুগলের অদূরদর্শিতার জন্যই ঐ নেতাকে সময়ের আগে তার কেরিয়ারে ইতি টানতে হয়েছে।

অস্ট্রেলিয়ার ঐ রাজনীতিবিদের নাম জন বারিলারো। তিনি অস্ট্রেলিয়ার সবচেয়ে জনবহুল প্রদেশ নিউ সাউ ওয়েলসের উপ-প্রধান।

অস্ট্রেলীয় আদালত জানিয়েছে, জনকে আক্রমণ করে ইউটিউবে দুটি ভিডিও শেয়ার করেছিলেন এক রাজনৈতিক ধারাভাষ্যকার। সেই ভিডিও দুটি ইউটিউবে ৮ লাখবার দেখা হয়েছে। ভিডিও দুটি থেকে লাখ লাখ ডলার আয় করেছে ইউটিউব, যার মালিকানা গুগলের। স্মার্টফোন বাজারে ধসের শঙ্কাস্মার্টফোন বাজারে ধসের শঙ্কা।

অস্ট্রেলিয়ার ঐ আদালতের বিচারক ভিডিও দুটি প্রসঙ্গে বলেছেন, যেভাবে ঐ ভিডিওগুলোতে অস্ট্রেলীয় রাজনীতিককে আক্রমণ করা হয়েছে তা হিংসামূলক প্রচার বললেও কম বলা হয়।

আদালতের বক্তব্য, কোনো প্রমাণ ছাড়াই এমন সম্মানহানি করার এবং অপপ্রচার চালানোর খেসারত গুগলকে দিতেই হবে।

স্মার্টফোন বাজারে ধসের শঙ্কা

নানা চ্যালেঞ্জের মুখে স্মার্টফোন বাজার নাজুক পরিস্থিতিতে পড়ার খবর উঠে এসেছে ‘ইন্টারন্যাশনাল ডেটা কর্পোরেশন (আইডিসি)’র এক গবেষণায়। টানা তিন প্রান্তিক ধরে নিম্নমুখী হচ্ছে স্মার্টফোনের বাজার; সরবরাহ ও চাহিদা উভয় ক্ষেত্রেই সৃষ্টি হচ্ছে নতুন নতুন চ্যালেঞ্জ।

এমন পরিস্থিতিতে বাজার বিশ্লেষক সংস্থাটির ধারণা, ২০২২ সালে স্মার্টফোনের সরবরাহ ৩ দশমিক ৫ শতাংশ কমে ১৩১ কোটিতে এসে ঠেকবে। আইডিসি অবশ্য একে স্বল্পমেয়াদী ধাক্কা হিসেবে বিবেচনা করছে। স্মার্টফোন বাজার বিদ্যমান অবস্থা থেকে ঘুরে দাঁড়াবে এবং ২০২৬ নাগাদ স্মার্টফোনের বাজার বৃদ্ধির হার ১ দশমিক ৯ শতাংশ হবে বলে আশা করছে সংস্থাটি।

ধসের পেছনে কারণ কী?

স্মার্টফোনের বাজারে ধসের পেছনে ক্রমহ্রাসমান চাহিদা, মুদ্রাস্ফীতি, ভূ-রাজনৈতিক উত্তেজনা এবং সরবরাহ ব্যবস্থায় চলমান সীমাবদ্ধতার মতো বেশ কিছু বিষয়কে দায়ী করছে আইডিসি। তবে, বাজার বিশ্লেষক সংস্থাটি চীনের সাম্প্রতিক লকডাউনকে এর সবচেয়ে বড় কারণ হিসেবে দেখছে বলে জানিয়েছে প্রযুক্তিবিষয়ক সাইট টেকরেডার।

মেটা ছাড়ছেন শেরিল স্যান্ডবার্গমেটা ছাড়ছেন শেরিল স্যান্ডবা র্গলকডাউনের কারণে স্মার্টফোনের বৈশ্বিক চাহিদা ও সরবরাহ পরিস্থিতি একই সঙ্গে পাল্টে যাচ্ছে বলে মন্তব্য করেছেন আইডিসির গবেষণা পরিচালক নাবিলা পোপাল। একদিকে বিশ্ববাজারে ডিভাইসগুলোর চাহিদা কমছে, অন্যদিকে নাজুক অবস্থায় থাকা সরবরাহ ব্যবস্থায় আরও জটিলতা তৈরি হচ্ছে।

আইডিসি বলছে, সরবরাহ ব্যবস্থার জটিলতায় সম্ভবত সবচেয়ে কম ক্ষতি হয়েছে অ্যাপলের। একদিকে নিজস্ব পণ্যের সরবরাহ ব্যবস্থার ওপর নিয়ন্ত্রণ ধরে রাখতে পেরেছে কোম্পানিটি। অন্যদিকে, অ্যাপলের তৈরি ব্যয়বহুল পণ্যগুলোর ক্রেতারা সাধারণত মুদ্রাস্ফীতির মতো সমস্যাতেও প্রভাবিত হন না। ২০২২ সালে মধ্য ও পূর্ব ইউরোপে স্মার্টফোনের চাহিদা সবচেয়ে বেশি কমার আশঙ্কা করছে আইডিসি। এই অঞ্চলগুলোতে স্মার্টফোনের সরবরাহ ২২ শতাংশ কমতে পারে বলে ধারণা করছে আইডিসি।

আগামী বছর আসছে ‘ফাইনাল ফ্যান্টাসি ১৬’আগামী বছর আসছে ‘ফাইনাল ফ্যান্টাসি ১৬’
অন্যদিকে, চীনে স্মার্টফোনের বিক্রি তিন কোটি ৮০ লাখ ইউনিট বা ১১ দশমিক ৫ পাঁচ শতাংশ কমার আশঙ্কা করছে আইডিসি। তবে, জাপান ও চীন বাদে এশিয়া প্যাসিফিক অঞ্চলে স্মার্টফোনের বাজার তিন শতাংশ বৃদ্ধির প্রত্যাশা করছে সংস্থাটি।